

কামব্রিয়া পুলিশ অথরিটির ওয়েবসাইটে স্বাগতম।

জনগণের 17 জন সদস্য নিয়ে গড়া পুলিশ অথরিটির প্রধান ভূমিকা হল কামব্রিয়াতে একটি দক্ষ ও কার্যকরী পুলিশবাহিনীর রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা এবং পুলিশের কর্মকুশলতা ও মানদণ্ডগুলির উন্নয়ন করা। অবশ্যপ্রয়োজনীয়ভাবে, পুলিশ অথরিটির কাজ এটি নিশ্চিত করা যাতে স্থানীয় লোকেরা এই ব্যাপারে তাদের মতামত প্রকাশ করতে পারেন যে, তাদের পুলিশী ব্যবস্থাটি কিরকম এবং তাছাড়াও তাদের প্রদানকৃত পুলিশী পরিষেবার জন্য পুলিশকে দায়ী করতে পারেন। পুলিশ অথরিটির দ্বারা আপনার পুলিশ সংক্রান্ত চাহিদাগুলি বোঝার ক্ষেত্রে আপনারদের দৃষ্টিভঙ্গীগুলি সহায়তা করে। সেকারণে আমরা জানতে চাই যে, পুলিশের অগ্রাধিকারগুলি সম্পর্কে আপনি কি ভাবছেন এবং পুলিশ পরিষেবা সম্পর্কে আপনার অভিজ্ঞতার ব্যাপারে মূল্যায়ন পেতে চাই। আমরা কামব্রিয়ার অধিবাসী, ব্যবসা প্রতিষ্ঠান ও আগত ব্যক্তিদের কাছ থেকে শোনার ব্যাপারে খুবই আগ্রহী।

আপনি বিভিন্ন রকম উপায়ের মাধ্যমে কামব্রিয়ার পুলিশী ব্যবস্থা সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গী আ,আদের জানাতে পারেন। এর মধ্যে রয়েছে একটি পুলিশ অথরিটি কমিউনিটি লিয়াজো ফোরামে যোগ দেওয়া যেখানে স্থানীয় পুলিশী বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয় - তারিখগুলি ও আরো তথ্যের জন্য হ্যাভ ইয়োর সে বা আপনার মতামত জানান বিভাগে মিটিংস পৃষ্ঠাটি দেখুন; দেশ জুড়ে অনুষ্ঠিত হওয়া আমাদের অনুষ্ঠানগুলির একটিতে আসা - হ্যাভ ইয়োর সে বা আপনার মতামত জানান বিভাগে ইভেন্টস পৃষ্ঠাটি দেখুন; বা আপনি আমাদের সাথে policeauthority@cumbria.pnn.police.uk -আইডিতে, 01768 217734 টেলিফোন নম্বরে বা চিফ এক্সিকিউটিভকে কামব্রিয়া পুলিশ অথরিটি অফিসেস, কাল্টন হল, পেনরিথ CA10 2AU -এই ঠিকানায় চিঠি লিখে যোগাযোগ করতে পারেন।

পুলিশ অথরিটি একটি কাস্টোডি ভিজিটিং বা আটক ব্যক্তিদের সাথে দেখা করার প্রকল্প চালিয়ে থাকে যেখানে স্থানীয় কমিউনিটির স্বতন্ত্র ব্যক্তির পুলিশ কাস্টোডিতে থাকা লোকদের মঙ্গলের ব্যাপারটি যাচাইয়ের জন্য ঘোষণা না করে পুলিশ স্টেশনগুলিতে পরিদর্শন চালিয়ে থাকেন। আপনি যদি একজন কাস্টোডি ভিজিটর হতে আগ্রহী থাকেন এবং এই প্রকল্পটি সম্পর্কে আরো তথ্যাবলী পেতে চান, সেক্ষেত্রে কামব্রিয়ার স্কিম অ্যাডমিনিস্ট্রেটর স্টুয়ার্ট এডওয়ার্ডসের সাথে যোগাযোগ করুন। তার সাথে 01768 217732 নম্বরে ফোন করে বা policeauthority@cumbria.pnn.police.uk - আইডিতে ই-মেল করে যোগাযোগ করা যেতে পারে। কোন খালি পদের ক্ষেত্রে আমাদের ওয়েবসাইটের কর্মখালি বিভাগে এবং সংবাদপত্রগুলির সংশ্লিষ্ট জায়গায় বিজ্ঞাপন দেওয়া হবে।

আপনি যদি পুলিশ অথরিটির একজন সদস্য, একজন অথরিটি অফিসার বা একজন পুলিশ অফিসারের বিরুদ্ধে একটি অভিযোগ করতে চান, আপনি আমাদের কাছে ই-মেল করতে পারেন policeauthority@cumbria.pnn.police.uk-আইডিতে, ফ্যাক্স করতে পারেন 01768 217738 নম্বরে বা চিফ এক্সিকিউটিভকে লিখুন এই ঠিকানায়- কামব্রিয়া পুলিশ অথরিটি অফিসেস, কাল্টন হল, পেনরিথ CA10 2AU।